# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৩৯

১/ বিবিধ

আরবী

إن إدريس صلى الله عليه وسلم كان صديقا لملك الموت، فسأله أن يريه الجنة والنار، فصعد بإدريس فأراه النار، ففزع منها وكاد يغشى عليه، فالتف عليه ملك الموت بجناحه، فقال ملك الموت: أليس قد رأيتها؟ قال: بلى، ولم أر كاليوم قط، ثم انطلق به حتى أراه الجنة فدخلها، فقال ملك الموت: انطلق قد رأيتها، قال: إلى أين؟ قال ملك الموت: حيث كنت، قال إدريس: لا والله لا أخرج منها بعد أن دخلتها، فقيل لملك الموت: أليس أنت أدخلته إياها؟ وإنه ليس لأحد دخلها أن يخرج منها

موضوع

رواه الطبراني في " الأوسط " (2 / 177 / 1 / 7406) من طريق إبراهيم بن عبد الله بن خالد المصيصي أخبرنا حجاج بن محمد عن أبي غسان محمد بن مطرف عن زيد بن أسلم عن عبيد الله بن أبي رافع عن أم سلمة مرفوعا، قال الهيثمي (8 / 199 - 200) : وفيه إبراهيم بن عبد الله بن خالد المصيصي وهو متروك

قلت: قال الذهبي في " الميزان ": قلت: هذا رجل كذاب، قال الحاكم: أحاديثه موضوعة

বাংলা

৩৩৯। ইদরীস ছিলেন মালাকুল মাওতের বন্ধু। তিনি তার নিকট জান্নাত এবং জাহান্নাম দেখত চাইলেন। তিনি ইদরীসকে নিয়ে উপরে উঠলেন। অতঃপর তাঁকে জাহান্নাম দেখালেন। তিনি তাতে অত্যন্ত ভীত হয়ে পড়লেন, এমনকি বেহুশ হওয়ার উপক্রম হলেন। মালাকুল মাওত তাঁকে তার বাহু দ্বারা জড়িয়ে ধরলেন। মালাকুল মাওত

বললেনঃ আপনি কি তা দেখেননি? তিনি বললেনঃ হ্যাঁ, কখনও এ দিনের ন্যায় কিছু দেখিনি। অতঃপর তাঁকে নিয়ে চললেন। তাঁকে জান্নাত দেখালেন। তাতে তিনি প্রবেশ করলেন। মালাকুল মাওত বললেনঃ আপনি চলুন তা আপনি দেখেছেন। তিনি বললেনঃ কোথায়? মালাকুল মাওত বললেনঃ যেখানে ছিলাম। ইদরীস বললেনঃ আল্লাহর কসম না! আমি তাতে প্রবেশ করবার পরে তা (জান্নাত) থেকে বের হবে না। মালাকুল মাওত কে বলা হলঃ আপনি কি বিশেষ ভাবে তাঁকে প্রবেশ করিয়ে দেননি? তাতে যে কেও প্রবেশ করলে তাকে আর বের করা হয় না।

হাদীসটি জাল।

এটি তাবারানী “মুজামুল আওসাত” গ্রন্থে (২/১৭৭/১/৭৪০৬) ইবরাহীম ইবনু আবদিল্লাহ ইবনে খালেদ মাসীসী সূত্রে বর্ণনা করেছেন। হায়সামী “আল-মাজমা" গ্রন্থে (৮/১৯৯-২০০) বলেনঃ এটির সনদে ইবরাহীম ইবনু আবদিল্লাহ রয়েছেন, তিনি মাতরূক।

আমি (আলবানী) বলছিঃ যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেনঃ এ ব্যক্তি মিথ্যুক। হাকিম তার সম্পর্কে বলেনঃ তার হাদীসগুলো মাওযু (বানোয়াট)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5598

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন